যুগান্তর

তারিখ ... 04 JUL 2016 ...
পৃষ্ঠা ...

বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে জুনের বেতন হয়নি

# বরিশালে দুর্বিষহ পরিস্থিতিতে ঈদ কাটাবেন শিক্ষকরা

**বরিশাল ব্যুরো**

বরিশালে দুর্বিষহ পরিস্থিতির মধ্যে ঈদ উদযাপন করবেন বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীরা। বেতন ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান থেকে সম্মানী ভাতা না পাওয়া এবং উৎসব ভাতা শতভাগ না পাওয়ার কারণে এ অবস্থার সৃষ্টি হয়েছে।

জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্টের বরিশাল বিভাগীয় আহ্বায়ক অধ্যাপক মহসিন-উল-ইসলাম হাবুল বলেন, শতভাগ উৎসব ভাতা ও যথা সময়ে বেতন পাওয়াসহ বিভিন্ন দাবিতে আন্দোলন করছে বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীরা। এর মধ্যে সরকার তাদের জুনের বেতন দেয়নি। শতভাগ উৎসব ভাতা দেয়া হয়নি। এ কারণে বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীরা দুর্বিষহ পরিস্থিতির মধ্যে পড়েছেন। বিভাগের প্রায় এক লাখসহ দেশের ৫ লাখ বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীরা চরম ভোগান্তির মধ্যে পড়েছে। সদর উপজেলার কাগাশুরা মাধ্যমিক বিদ্যালয়ে জ্যেষ্ঠ শিক্ষক দ্বীপশংকর গুপ্ত বলেন, শিক্ষক-কর্মচারীরা শতভাগ উৎসব ভাতাসহ বিভিন্ন দাবিতে দীর্ঘদিন ধরে আন্দোলন করছে। তাই তারা আশা করেছিল এবার সরকার অন্তত বেতন ও উৎসব ভাতা দেবে। কিন্তু ২৫ ভাগ উৎসব ভাতা দিয়েছে। এতে তারা মনোকষ্টে রয়েছেন। দেশের বেসরকারি প্রায় সব শিক্ষাপ্রতিষ্ঠান অর্থ সংকটে থাকে। বছরে তিন পরীক্ষার সময় শিক্ষার্থীদের কাছ থেকে উত্তোলন করা অর্থ থেকে কিছু সম্মানী দেয়া হয়। এ বছর বন্ধের পর পরীক্ষা হবে। সেজন্য কোনো অর্থ উত্তোলন করা হয়নি। যার কারণে শিক্ষক-কর্মচারীদের মনোকষ্ট আরও বেড়েছে। নগরীর কাউনিয়া মহিলা দাখিল মাদ্রাসার শিক্ষক মাওলানা আমির হোসেন তালুকদার বলেন, যদি কারও বেতন ১২ হাজার টাকা হয়। সে পেয়েছে মাত্র ৩ হাজার টাকা। ওই টাকা দিয়ে কীভাবে ঈদ উদযাপন করবে। তিনি বলেন, সঙ্গে বেতন পেলে ভালো হতো।